

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০১.২৩.৬৮

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯

২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ল্যাপটপ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যাকেজ নম্বর জিডি ১০১.০১ এর অধীনে ৫টি লটে ২৬০০০টি ল্যাপটপ ও প্যাকেজ নম্বর জিডি ৩০১.০১ এর অধীনে ৫টি লটে ১৫০০০টি ল্যাপটপ সর্বমোট ৪১০০০টি ল্যাপটপ ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড ২০টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সরবরাহ করে। Post Landing Inspection (PLI) এর অংশ হিসেবে সরবরাহকৃত ল্যাপটপসমূহ হতে ১% হারে ল্যাপটপ বুয়েট কর্তৃক পরীক্ষা/টেস্ট করা হয়। ২০টি জেলার মধ্যে নিম্নবর্ণিত ১৫টি জেলাতে গঠিত ৩ সদস্য বিশিষ্ট Technical Inspection and Acceptance Committee কর্তৃক টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুসারে যাচাই করে অবশিষ্ট ল্যাপটপ গ্রহণ করা হয়। নিম্নবর্ণিত ১৫টি জেলাতে সরবরাহকৃত ২৫৭৮৫টি ল্যাপটপ বিদ্যালয় পর্যায়ে বিতরণের জন্য তালিকাসহ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হয়েছে। তা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এক্ষেত্রে, নিম্নবর্ণিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে বিতরণের বিষয়টি সার্বিকভাবে সমন্বয় করবেন।

ক্রমিক নং	বিতরণকারী অফিসের নাম	গ্রহণকারী ডিপিইও অফিসের নাম ও ল্যাপটপ সংখ্যা	মোট ল্যাপটপ সংখ্যা
১	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুষ্টিয়া	চুয়াড়াঙ্গা-১৪২, মেহেরপুর-১২০ ও কুষ্টিয়া-২৬২	৫২৪
২	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, যশোর	নড়াইল-৩৬৬, মাগুরা-১৭১, যশোর-৫৮৬ ও ঝিনাইদহ-৩১৫	১৪৩৮
৩	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, টাঙ্গাইল	মানিকগঞ্জ-৪১২ ও টাঙ্গাইল-৮৪৭	১২৫৯
৪	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঢাকা	গাজীপুর-৩২৮, কিশোরগঞ্জ-৮৭২ ও ঢাকা-২১৯	১৪১৯
৫	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণবাড়ীয়া-৫০০	৫০০
৬	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুমিল্লা	কুমিল্লা-১১০৯, চাঁদপুর-৬৯২ ও লক্ষ্মীপুর-৩৮৯	২১৯০
৭	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চট্টগ্রাম	রাঙ্গামাটি-৫০৫ ও চট্টগ্রাম-১০৬৮	১৫৭৩
৮	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কক্সবাজার	বান্দরবান-৩০৮ ও কক্সবাজার-৫২৩	৮৩১
৯	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট	সিলেট-৯১৬, হবিগঞ্জ-৭৭৮, মৌলভীবাজার-৫৭২ ও সুনামগঞ্জ-১২৮৮	৩৫৫৪
১০	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরিশাল	গোপালগঞ্জ-৪৩৬, বালকাঠি-৪১৮, পিরোজপুর-২৪৩ ও বরিশাল-৮৮৮	১৯৮৫
১১	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মুন্সিগঞ্জ	নরসিংদী-২৭০, নারায়নগঞ্জ-১১৬ ও মন্সীগঞ্জ-১৪৮	৫৩৪
১২	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ	জামালপুর-১০০৪, নেত্রকোনা-১৩০২, শেরপুর-৫৭৪ ও ময়মনসিংহ-১৩৫৬	৪২৩৬
১৩	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহী	রাজশাহী-৩৬৫, নবাবগঞ্জ-২৪৮, নওগাঁ-৮৬৮ ও নাটোর-২৭৩	১৭৫৪
১৪	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ফরিদপুর	গোপালগঞ্জ-৩৬৫, ফরিদপুর-৬৩৪, মাদারীপুর-৪৬১, রাজবাড়ী-২৬১ ও শরীয়তপুর-৬০৭	২৩২৮
১৫	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ফেনী	নোয়াখালী-৯৭১, ফেনী-২৭৯ ও খাগড়াছড়ি-৪১০	১৬৬০

২। সংযুক্ত তালিকা অনুযায়ী প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট ল্যাপটপ সরবরাহের ভেন্যু হতে ল্যাপটপ গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারগণের নিকট হস্তান্তর করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের নিকট হস্তান্তর করবেন এবং তালিকাতে ল্যাপটপের সিরিয়াল নম্বর / বারকোড উল্লেখ করে গ্রহণের স্বাক্ষর নিবেন। গ্রহণের স্বাক্ষর সম্বলিত তালিকার ১টি কপি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন।

৩। মহাপরিচালক মহোদয় আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে রাজশাহী জেলার ল্যাপটপ বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন। এ ছাড়া কুড়িগ্রাম জেলায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এবং রংপুর ও নরসিংদী জেলায় সম্মানিত সচিব মহোদয় ল্যাপটপ বিতরণ উদ্বোধন করবেন। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় ও সম্মানিত সচিব মহোদয়ের উদ্বোধনের তারিখ পরবর্তীতে জানানো হবে।



২৩-২-২০২৩

শাহীনুর শাহীন খান

পরিচালক (আইএমডি) (অতিরিক্ত দায়িত্ব)

ফ্যাক্স: 02-9038122

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০১.২৩.৬৮/১(৪)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯

২৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রকিউরমেন্ট) দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



২৩-২-২০২৩

শাহীনুর শাহীন খান

পরিচালক (আইএমডি) (অতিরিক্ত দায়িত্ব)